

ওকে বোঝা গেল না—চলে আয় চলে আয় ।  
ও কী কথা যে বলে সখী, কী চোখে যে চায় ।  
চলে আয়, চলে আয় ।  
লাজ টুটে শেষে মরি লাজে,  
মিছে কাজে,  
ধরা দিবে না যে, বলো কে পারে তায় ।  
আপনি সে জানে তার মন কোথায় ।  
চলে আয়, চলে আয় ।

---

Parjaay: Mayar-Khela, Taal: Kaharwa, Style: Kirtan  
Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail